গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের, কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট
www.kaliganj.lalmonirhat.gov.bd

**বিষয় : কালীগঞ্জ উপজেলা পরিষদের আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভার নম্বর : ০২
সভাপতি : মোছাঃ জাকিয়া সুলতানা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ৩১/০৮/২০২৫ খ্রি.
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **প্রশাসক, উপজেলা পরিষদ :**<br><br>উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সভাপতি সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান এবং প্রশাসক হিসেবে উপজেলা পরিষদের ন্যস্ত সকল কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, তন্মধ্যে কর্মরত পদ ০৯টি ও শুন্য পদ ২০টি। নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি, তন্মধ্যে কর্মরত পদ ৩৮টি ও শুন্য পদ ০১টি। বহিঃবিভাগে রোগীর সংখ্যা- ৮২৭৭ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা- ২৮৯৯ জন, অন্তঃ বিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা- ৯২৮ জন। মোট রোগীর সংখ্যা- ১২,১০৪ জন। আল্ট্রাসনোগ্রাম- নেই, ই,সি,জি সেবা প্রদান- ৫১ জন। প্যাথলজিক্যাল পরীক্ষা- ৩৫৮ জন, স্বাভাবিক প্রসব সেবা- ৪২ জন, সিজারিয়ান সংখ্যা-০৩ জন এক্স-রে পরীক্ষা- ২৩১ জন, মেজর সার্জারী রোগীর সংখ্যা- ০৩ জন, মাইনর সার্জারী সংখ্যা- ৩৮৯ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।<br>অত্র উপজেলার জন্ম নিবন্ধন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে চলমান টাইফয়েড টিকার ১ম ডোজ সম্পন্ন হওয়ার পর ২য় ডোজ টিকা প্রদানের পূর্বে টিকা গ্রহণকারীর জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক করার জন্য সকল টিকাদান কেন্দ্রে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | ২.১ উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>২.২ জন্ম নিবন্ধন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে চলমান টাইফয়েড টিকার ১ম ডোজ সম্পন্ন হওয়ার পর ২য় ডোজ টিকা প্রদানের পূর্বে টিকা গ্রহণকারীর জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক করার জন্য সকল টিকাদান কেন্দ্রে পত্র প্রদান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩. | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় আগস্ট/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির | ৩.১ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | প্রতিবেদন নিম্নরূপে উপস্থাপন করেন। (১) স্থায়ী পদ্ধতি: ক) পুরুষ/ মহিলা- নেই, (২) দীর্ঘমেয়াদী পদ্ধতি: ক) আইইউডি- ০২ জন, খ) ইমপ্লান্ট- নেই (৩) অস্থায়ী পদ্ধতি: ক) খাবার বড়ি সুখী বিতরণ- ৩১০ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ০২ সাইকেল, গ) কনডম- ৪৩২৬ পিস, ঘ) ইনজেকটেবল্স- ৯৮০ ভায়েল। (৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম: ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১৫২১ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ২০৯৪ জন, গ) নরমাল ডেলিভারী- ১৮৩ জন, ঘ) সিজারিয়ান- ৭৭ জন, (৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম: মোট সক্ষম দম্পতি : ৫৫,৬৪৩ জন, (৬) মোট পদ্ধতি গ্রহণকারী: ৪৩,৬৫৪ জন, (৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR): ৭৮.৪৫%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৪. | **উপজেলা কৃষি বিভাগ :**<br><br>উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলতি মাসে ১০ জন কৃষকে ধানের চারা বিতরণ করা হয়েছে। ১৭০ জন কৃষককের মধ্যে গ্রীষ্মকালীন পেয়াজের বীজ ও ফলের চারা বিতরন করা হয়েছে। ১০০ জন কৃষকে ছিম ও মাসকালাই বীজ প্রণোদনা হিসেবে প্রদান করা হয়েছে। জেলা উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি ফলন বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ বরাদ্দ হতে কৃষকদের মাঝে বিতরণের জন্য ২৪টি $P^H$ মিটার ক্রয় করা প্রয়োজন। এছাড়াও আটটি ইউনিয়নের জন্য ০৮টি পলিনেট হাউজ নির্মাণ করা প্রয়োজন। | ৪.১ কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।<br>৪.২ কৃষকদের মাঝে বিতরণের জন্য ২৪টি $P^H$ মিটার ক্রয় করা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.২ আটটি ইউনিয়নের জন্য ০৮টি পলিনেট হাউজ নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার সকল ইউনিয়নে পশুর সংক্রামক রোগ দমনে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন রোগ ব্যাধি দমনে জনসচেতনতায় উঠান বৈঠক নিয়মিত ভাবে আয়োজন করা হচ্ছে। তিনি গবাদি পশু ও হাঁস মুরগীর নিয়মিত কৃমিনাশক ঔষধ খাওয়ানোর জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.১ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬. | **উপজেলা মৎস্য বিভাগ :**<br><br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৫ আগস্ট মাসের ১৮ হতে ২৪ তারিখ পর্যন্ত উৎযাপন করা হয়েছে। পাশাপাশি ২০২৫-২০২৬ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ১০.৬৮ হেক্টরের ২০টি জলাশয়ে পোনা অবমুক্ত করা হয়েছে। গত ১৯/০৮/২৫ তারিখে চায়না দুয়ারী জালের বিরুদ্ধে তুষভান্ডার ইউনিয়নের বিভিন্ন জলাশয়ে মোবাইল কোর্ট করে ০৭টি জাল জনসম্মুখে ধ্বংস করা হয়। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ৬.১ উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

৯৮

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৭. | **উপজেলা প্রকৌশলীর বিভাগ :**<br><br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং কিছু প্রকল্পের কাজ চলমান থাকায় পে-অর্ডার করে রাখা হয়েছে। কাজ সমাপ্তের পর বিল পরিশোধ করা হবে। তিনি আরও বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি প্রকল্প ও রাজস্ব প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন এবং জরুরী কিছু প্রকল্পের তালিকা প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে চাহিদা প্রেরণের জন্য সভাপতি ও সকল সদসকে অনুরোধ করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৭.১ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের অসমাপ্ত কাজের বিল পে-অর্ডার করে রাখা এবং কাজ সমাপ্তের পর সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৭.২ সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রকল্প গ্রহন ও জরুরী প্রকল্পের তালিকা স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮. | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br><br>উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, প্রাথমিক বৃত্তি পরীক্ষায় এ বছরে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের ৮৬৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবেন এবং বৃত্তি পরীক্ষার কেন্দ্র হিসেবে তুষভান্ডার আরএমএমপি সরকারি বালক উচ্চ বিদ্যালয় নির্বাচন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয় স্কুল ফিডিং কার্যক্রমে বিশ্ব খাদ্য কর্মসূচী (WFP) কারিগরি সহযোগিতা প্রদান করছে এবং বিশ্ব খাদ্য কর্মসূচী (WFP) কর্তৃক বেইজলাইনসার্ভে চলমান রয়েছে। অত্র উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২য় প্রান্তিক মূল্যায়ন গত ১৯/০৮/২০২৫ হতে শুরু হয়েছে যা অদ্য ৩১/০৮/২০২৫ তারিখ শেষ হবে। ইউনিয়ন পরিষদের বরাদ্দ থেকে ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ে সাময়িক শ্রেণি কক্ষ নির্মার্ণ করা প্রয়োজন। স্কুল ফিডিং কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের টিফিন বক্স ও ওয়াটারপট বিতরণ করা প্রয়োজন। এছাড়াও তিনি সুন্দ্রাহবি নেসাবিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট করার জন্য অনুরোধ জানান। | ৮.১ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়।<br>৮.২ প্রাথমিক বৃত্তি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করা জন্য আহবান করা হয়।<br>৮.৩ স্কুল ফিডিং কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের টিফিন বক্স ও ওয়াটারপট ক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৯. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৫ এর উপজেলার ক্রীড়া প্রতিযোগিতা ইউনিয়ন পর্যায়ে আগামী ১৭/০৯/২০২৫ খ্রিস্টাব্দ হতে ১৯/০৯/২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত এবং উপজেলা পর্যায়ে আগামী ২২/০৯/২০২৫ খ্রিস্টাব্দ হতে ২৫/০৯/২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত তুষভান্ডার আর এম এম পি সরকারি স্কুল মাঠে অনুষ্ঠিত হবে। সকল ইউনিয়ন চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ইতিপূর্ব বছরগুলিতে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়েছিল বিধায় প্রতিষ্ঠানগুলিতে ক্রীড়া সামগ্রী প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও তিনি অফিস কক্ষে ব্যবহারের জন্য সেক্রেটিয়েট টেবিল জন্য অনুরোধ জানান। | ৯.১- (ক) গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৫ সফলভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়।<br>৯.১- (খ) ক্রীড়া প্রতিযোগিতার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া সামগ্রী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৯.২ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস কক্ষে ব্যবহারের জন্য সেক্রেটিয়েট টেবিল ক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত | ৯.১ (ক) উপজেলা নির্বাহী অফিসার ,চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট<br>৯.১ (খ) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট<br>৯.২ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী (এলজিইডি), কালীগঞ্জ, লালমনিরহাট |

৪/৮

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১০. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ভিডব্লিউবি চক্রঃ ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের (জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ পর্যন্ত) ০৮ টি ইউনিয়নের আওতায় বরাদ্দকৃত ২,১৩৬ জন উপকারভোগীদের কার্ড প্রস্তুত করা হয়েছে এবং জুলাই-২০২৫ এবং আগস্ট-২০২৫ মাসের খাদ্যশষ্য (চাল) এর বরাদ্দ আদেশ প্রদান করা হয়েছে।<br>০২। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ অত্র উপজেলার ০৮ টি ইউনিয়নে ২০২৫-২০২৬ অর্থ বছরের জুলাই-২০২৫ এবং আগস্ট-২০২৫ মাসের প্রতি মাসে ১০ জন উপকারভোগী হিসেবে ০৮ টি ইউনিয়নে সর্বমোট = ১৬০ জন উপকারভোগীর নামের তালিকা অনুমোদন হয়েছে। ভাতা বিতরণ চলমান আছে।<br>০৩। প্রশিক্ষণ কর্মসূচিঃ অত্র কার্যালয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরের জুলাই/২০২৫ হতে সেপ্টেম্বর/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী ডঞঊ প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।<br>০৪। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ঋণের<br>কিস্তি আদায় বাবদ জুলাই/২০২৫ মাসে মোট = ৪১৪৯৯/- টাকা জমা হয়েছে। জুলাই/২০২৫ মাসে ব্যাংক স্থিতির পরিমান= ৯১৪০৩/২৬ টাকা।<br>০৫। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পঃ অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮ টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর সহ মোট ৩০ জন হিসেবে সর্বমোট ২৪০ জন কে সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্লাবে নাস্তা বিতরণ চলমান আছে। বর্তমানে ০৮ টি ক্লাবের কর্মরত জনবলের সংখ্যাঃ- (ক) জেন্ডার প্রোমোটার = ০২ জন, (খ) ক্লাব কো-অর্ডিনেটর = ০৮ জন, (গ) সংগীত শিক্ষক = ০৮ জন এবং (ঘ) আবৃত্তি শিক্ষক = ০৮ জন সহ সর্বমোট = ২৬ (ছাব্বিশ) জন।<br>০৬। মামলা সংক্রান্তঃ জুলাই/২০২৫ মাসে জর্জ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে তদন্তকরণের জন্য অত্র কার্যালয়ে কোন মামলা জমা পরে নাই। তবে তদন্ত সাপেক্ষে পূর্বের ০২ টি মামলার প্রতিবেদন কোর্টে প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১০.১- উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | ১০.১- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, অত্র দপ্তরের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বিতরণ, উদ্যোক্তা ঋণ বিতরণ, সর্পুজি গঠন ও ঋণ আদায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দীর্ঘদিন যাবৎ পল্লী উন্নয়ন ভবন মেরামত ও সংস্কার বাবদ সদর দপ্তর হতে কোন প্রকার বরাদ্দ না থাকায় পল্লী ভবন জরাজীর্ন অবস্থায় আছে। উপজেলা পরিষদের তহবিল হতে পল্লী ভবন রং ও | ১১.১ উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| | মেরামত করার জন্য অনুরোধ জানানো হয়। পল্লী উন্নয়ন দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১২. | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br><br>সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল নির্ভুলভাবে প্রস্তুত করার জন্য সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় অর্ন্তভুক্ত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীগণের ভাতা গ্রহণের নজি জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সিমকার্ড বাধ্যতামূলক করা হয়েছে। নতুন নিয়ম অনুসারে ভাতাভোগীদের অবশ্যই নিজের জাতীয় পরিচয়পত্রের বিপরীতে সিমকার্ড ও হিসাব নম্বর নিবন্ধন করতে হবে এবং উপকারভোগী নিজের সুবিধামত বিকাশ/নগদ/আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠান বা ব্যাংক (এজেন্ট ব্যাংক) থেকে নিতে পারবেন। মৃত্যু/স্থানান্তরিত এর পরিবর্তে ভাতাভোগীদের তালিকা ০৫/০৯/২৫ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১২.১ উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>১২.১ মৃত্যু/স্থানান্তরিত এর পরিবর্তে ভাতাভোগীদের তালিকা ০৫/০৯/২৫ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে প্রেরন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) :**<br><br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় ও ৩য় কিস্তির বরাদ্দের প্রকল্পের কাজ প্রায় ১০০% সমাপ্ত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছর গ্রামীণ রাস্তায় ১৫ মিটার পর্যন্তসেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের এ উপজেলার ৭টি ব্রীজ এর মধ্যে ৬টি ব্রীজ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং ১টি ব্রীজের কাজ জলাবদ্ধতার কারণে বন্ধ রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছর গ্রামীণ রাস্তায় হেরিং বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ১০০০,০০ মিটার রাস্তার কাজ ১০০% সমাপ্ত হয়েছে।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১৩.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৪. | **উপজেলা সমবায় বিভাগ:**<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ৪টি আশ্রয়ন এবং ৪টি আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান আছে। ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশিরাম, ভোটমারী ১নং এবং ভোটমারী-২নং আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণ রূপে নদীগর্ভে বিলীন হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক ঘরগুলোর নতুন করে বরাদ্দ প্রদান করা হয়েছে এতে প্রায় ৫০% ঋণী সদস্য নতুন ঘর বরাদ্দ না পাওয়ার ফলে সব প্রকল্পে আদায় হচ্ছে না। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্প গুলো হলো (১) উত্তর বালাপাড়া, (২) উত্তর দলগ্রাম কালভৈরব, (৩) উত্তর দলগ্রাম বড়দিঘীরপাড় এবং (৪) মহিষামুড়ি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের মোট ৩৪০টি পরিবার পূর্নবাসিত হয়েছে। উক্ত পূর্নবাসিত | ১৪.১ উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

৪/৫

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | পরিবারের মধ্যে জুন/২৫ খ্রি: মাস পর্যন্ত মোট ৩৮,৯৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে জুন/২৫ মাস পর্যন্ত মোট ২০,৫৪,৬৫৮/- টাকা আসল এবং ১,৬১,৭৭৯/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। উক্ত সার্ভিস চার্জ এর মধ্যে ৩% হিসেবে আশ্রয়ণ প্রকল্পে ৫৪,৯৩০/- প্রেরণ করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ খ্রি: সালের আওতাধীন ৭৫টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ হয়েছে। অডিট বরাদ্দকৃত সমিতির গুলোর বর্তমান শেয়ার মূলধন ৭০,৭৩,২৪৫/- টাকা, সঞ্চয় আমানত- ৪,৯৭,৯০,৯৮৭/- টাকা, কার্যকরী মূলধন- ১০,৯২,৪৬,০৭৮/- টাকা। ২০২৩-২০২৪ সালের সম্পাদনকৃত অডিটের প্রেক্ষিতে অডিট ফি বাবদ প্রাথমিক সমিতির ১১,৩৬০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ প্রাথমিক সমিতির ২২,৭২৫/- টাকা ও ভ্যাট বাবদ প্রাথমিক সমিতির ১,৭০৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br>তাছাড়া অত্র উপজেলাতে নতুন করে আশ্রয়ণ-২, প্রকল্পের আওতায় ১২ টি আশ্রয়ণ (১) সুকানদিঘী আশ্রয়ণ-২ প্রকল্প (২) কাকিনা রাজবাড়ী আশ্রয়ণ-২ প্রকল্প (৩) মহিষামুড়ি আশ্রয়ণ-২ প্রকল্প (৪) চলবলা মদনপুর বিধবার মাল্লি আশ্রয়ণ-২ প্রকল্প (৫) চলবলা মদনপুর হাড়িশ্বর আশ্রয়ণ-২ প্রকল্প (৬) বান্দেরকুড়া কাচারি বাজার আশ্রয়ণ-২ প্রকল্প (৭) উত্তর বালাপাড়া আবাসন-২ প্রকল্প (৮) উত্তর বালাপাড়া আশ্রয়ণ-২ প্রকল্প (৯) শ্রীখাতা আশ্রয়ণ-২ প্রকল্প (১০) বৈরাতী আশ্রয়ণ-২ প্রকল্প (১১)শুভিশ্বর উজ্জলপাড়া আশ্রয়ণ-২ প্রকল্প (১২) কাশীরাম আশ্রয়ণ-২ প্রকল্প সমূহের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৫. | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ১৫.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, |
| ১৬. | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলায় বরাদ্দপ্রাপ্ত ৯৬টি অগভীর হস্তচালিত নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়াও জরুরী ভিত্তিতে বন্যামোকাবেলার জন্য অত্র দপ্তরে ২০,০০০/- (বিশ হাজার) টি পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ আছে। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) এর নিকট গভীর নলকূপ স্থাপনের জন্য চাহিদা প্রেরণ করার অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৬.১ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে পরামর্শ প্রদান করা হয়।<br>১৬.২ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল)কে গভীর নলকূপ স্থাপনের জন্য চাহিদা প্রেরণের অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৭. | **বন বিভাগ:**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৭.১ উপজেলা বনায়ন ও নার্সারী বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার করার জন্য বলা হলো। | ফরেস্টার, কালীগঞ্জ, লালমনিরহাট |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৮. | **বিবিধ আলোচনা :**<br>১৮.১ সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, অত্র উপজেলার ১৪৩২ বাংলা সনে ২৩টি হাট/বাজার ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে এর মধ্যে ২টি হাট খাস আদায় চলমান রয়েছে এবং ২১টি হাট/বাজার ইজারা প্রদান করা হয় এর মধ্যে ৪টি হাট/বাজারের ইজারাদারগণ কর্তৃক ডাককৃত অর্থ এবং জামানত, ভ্যাট, আয়কর এখন পর্যন্ত পরিশোধ না হওয়ায় সরকারি হাট/বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালার আলোকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা থাকায় উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে অর্থ আদায়ের জন্য আইনগত প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্যর মতামত কামনা করেন।<br>১৮.২ ভোটমারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চৌধুরীরহাট গামী রাস্তা মেরামত করার জন্য অনুরোধ জানান।<br>১৮.৩ উপজেলা প্রকৌশলী কালভৈরব এর ২টি রাস্তা এবং গেগড়া রাস্তার ব্রীজ মেরামত এর অনুরোধ জানান।<br>১৮.৪ কাঞ্চনশ্বর প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রের রাস্তা মেরামত করা প্রয়োজন।<br>১৮.৫ সমবায় অফিসের বাথরুম ও বারান্দা মেরামত করা প্রয়োজন।<br>১৮.৬ যুব উন্নয়ন অফিসের রুমের ছাদের টিন পরিবর্তন ও বারান্দা মেরামত করা প্রয়োজন।<br>১৮.৭ উপজেলা পরিসংখ্যান অফিসের বাথরুম নির্মাণ করা প্রয়োজন।<br>১৮.৮ বালিকা বিদ্যালয়গুলোতে স্যানিটারী ন্যাপকিন এর ব্যবস্থা ও ন্যাপকিন ধ্বংস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>১৮.৯ চলতি মাসে জনাব মোঃ সাজু মিয়া, ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাটকে ছেলের চোখের চিকিৎসা বাবদ ১০,০০০/- টাকা প্রদান করা হয়েছে।<br>১৮.১০ ২০২৪-২৫ অর্থ বছরের ০৫/২০২৪-২৫ নং দরপত্র বিজ্ঞপ্তির ৯,৪২৫/- টাকার পত্রিকা বিল পরিশোধ করা প্রয়োজন।<br>১৮.১১ উপজেলা মডেল মসজিদ এর নিয়োগ বিজ্ঞপ্তির ১৫,৭০৮/- টাকার পত্রিকা বিল পরিশোধ করা প্রয়োজন।<br>১৮.১২ তিস্তা নদীর প্রবল স্রোতের কারণে বাঁধ রক্ষায় অপ্রত্যাশিত খাত হতে ভোটমারীর চেয়ারম্যান এর অনুকূলে ৪০,০০০/- প্রদান করা প্রয়োজন।<br>১৮.১৩ উপজেলা পরিষদের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>১৮.১৪ উপজেলা পরিষদ পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের ১০,০০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>১৮.১৫ উপজেলা পরিষদ এর বর্জ্য ব্যবস্থাপনা কাজের ১০,৫০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>১৮.১৬ উপজেলা পরিষদ এর অফিস সরঞ্জামাদি খাতের ২৪,৬২৫/- টাকার বিল পরিশোধ করা প্রয়োজন।<br>১৮.১৭ উপজেলা পরিষদ এর আনুষাঙ্গিক খাতের ৫,০০০/- টাকার বিল পরিশোধ করা প্রয়োজন। | ১৮.১ সভায় বিস্তারিত আলোচান্তে ১৪৩২ বাংলা সনে হাট/বাজার ইজারার অপরিশোধিত অর্থ আদায়ের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ আন্তরিক ভাবে সহযোগিতা করার জন্য একমত পোষণ করেন এবং বকেয়া আদায়ে ব্যর্থ হলে পরবর্তীতে নীতিমালার আলোকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১৮.২ ভোটমারী ইউনিয়ন পরিষদের চৌধুরীরহাট গামী রাস্তা মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৩ কালভৈরব এর ২টি রাস্তা এবং গেগড়া রাস্তার ব্রীজ মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৪ কাঞ্চনশ্বর প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রের রাস্তা মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৫ সমবায় অফিসের বাথরুম ও বারান্দা মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৬ যুব উন্নয়ন অফিসের রুমের ছাদের টিন পরিবর্তন ও বারান্দা মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৭ উপজেলা পরিসংখ্যান অফিসের বাথরুম নির্মাণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৮ বালিকা বিদ্যালয়গুলোতে স্যানিটারী ন্যাপকিন এর ব্যবস্থা ও ন্যাপকিন ধ্বংস করার প্রকল্প গ্রহণ পূর্বক উপজেলা প্রকৌশলী এর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৯ চলতি মাসে জনাব মোঃ সাজু মিয়া, ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাটকে ছেলের চোখের চিকিৎসা বাবদ ১০,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১০ ২০২৪-২৫ অর্থ বছরের ০৫/২০২৪-২৫ নং দরপত্র বিজ্ঞপ্তির ৯,৪২৫/- টাকার পত্রিকা বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১১ উপজেলা মডেল মসজিদ এর নিয়োগ বিজ্ঞপ্তির ১৫,৭০৮/- টাকার পত্রিকা বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১২ তিস্তা নদীর প্রবল স্রোতের কারণে বাঁধ রক্ষায় অপ্রত্যাশিত খাত হতে ভোটমারীর চেয়ারম্যান এর অনুকূলে ৪০,০০০/- পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১৩ উপজেলা পরিষদের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।<br><br>উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ১৮.১৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস রুমের জন্য টেবিল ও চেয়ার ক্রয় করা প্রয়োজন।<br><br>১৮.১৯ পেগড়া-মিলুর বাড়ী হইতে পেগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত, কালীগঞ্জ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সামনে, কাকিনা উত্তর বাংলা কলেজ হতে বাঁধ পর্যন্ত এবং সুন্দ্রাহবী সরকারী প্রাথমিক বিদ্যালয় সম্মুখে বৃক্ষরোপন করা প্রয়োজন। | ১৮.১৪ উপজেলা পরিষদ পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের ১০,০০০/- টাকার বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১৫ উপজেলা পরিষদ এর বর্জ্য ব্যবস্থাপনা কাজের ১০,৫০০/- টাকার বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১৬ উপজেলা পরিষদ এর অফিস সরঞ্জামাদি খাতের ২৪,৬২৫/- টাকার বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১৭ উপজেলা পরিষদ এর আনুষাঙ্গিক খাতের ৫,০০০/- টাকার বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.১৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস রুমের জন্য টেবিল ও চেয়ার ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>১৮.১৯ পেগড়া-মিলুর বাড়ী হইতে পেগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত, কালীগঞ্জ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সামনে, কাকিনা উত্তর বাংলা কলেজ হতে বাঁধ পর্যন্ত এবং সুন্দ্রাহবী সরকারী প্রাথমিক বিদ্যালয় সম্মুখে বৃক্ষরোপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।<br><br>উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৮/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট
www.kaliganj.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৩৯.০০০.০০০.৩৫.০০০১.২৫.১১৮৫/১(৪০)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ..........................................................ইউ.পি, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৭। ......................................................................, কালীগঞ্জ, লালমনিরহাট।

৩১/০৮/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।
মোবাইল: ০১৭৩৩৩০০২১৩
kaliganj.lalmonirhat@mopa.gov.bd

পরিশিষ্ট-ক

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা**

| ক্রম | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | ক্রম | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০১ | চেয়ারম্যান, ১নং ভোটমারী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০২ | চেয়ারম্যান, ২নং মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৩ | প্যানেল চেয়ারম্যান, ৩নং তুষভান্ডার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৪ | চেয়ারম্যান, ৪ নং দলগ্রাম ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৫ | চেয়ারম্যান, ৫নং চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৬ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৬ | প্যানেল চেয়ারম্যান, ৬নংগোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), কালীগঞ্জ, লালমনিরহাট | ০৭ | প্যানেল চেয়ারম্যান, ৭নং চলবলা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৮নং কাকিনা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৩ | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৬ | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র কালীগঞ্জ | | |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা**

| ক্রম | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | ক্রম | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০১ | |
| ০২ | | ০২ | |